

President

ইন্ডেক্স

তারিখ ... 13.2.86 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

...00015

দেশের সর্বত্র শিক্ষার আলো ছড়াইয়া দিন

—এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ সমাজ হইতে নিরক্ষতার অভিশাপ দূর করিতে দেশের সর্বত্র শিক্ষার আলো বিস্তার করার জন্ত শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

বাসস জানায়, প্রেসিডেন্ট গতকাল (বুধবার) বাংলাদেশ শিক্ষক সমিতির ৫ শত প্রতিনিধির উদ্দেশে বক্তৃতা দিতেছিলেন। শিক্ষক সমিতি বেসরকারী মাধ্যমিক স্কুলসমূহের শিক্ষকদের একটি প্রতিনিধিত্বশীল সংগঠন।
(১২শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

এরশাদ

(১ম পৃঃ পর)

প্রেসিডেন্ট এরশাদ বলেন, গণতন্ত্র মর্যাদার সঙ্গে বসবাসের অধিকার এবং তৃতীয় উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার। যে সমাজের জনগণ শিক্ষিত ও আলোকপ্রাপ্ত সেখানেই এসব অধিকারের শর্ত সুপ্রতিষ্ঠিত।

প্রেসিডেন্ট বলেন, অধিকাংশ জনগণ শিক্ষিত না হইলে উন্নয়ন প্রচেষ্টা অর্থবহ ও সকলের জন্ত কল্যাণকর হইতে পারে না।

প্রেসিডেন্ট এরশাদ শিক্ষকদের অবস্থার উন্নতি সাধনে তাহার সরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করিয়া বলেন, সমাজে শিক্ষকদের মর্যাদার সঙ্গে প্রতিষ্ঠিত করার জন্ত তাহার সরকার সীমিত সম্পদ লইয়াও সম্ভাব্য সবকিছু করার চেষ্টা করিতেছেন।

ছাত্রদের কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট বলেন, ছাত্ররা বহিরাগতদের দ্বারা যাহাতে বিপদগামী না হয় সে দিকে তাহাদের নজর দেওয়া উচিত।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ শিক্ষকদের ভাগ্য উন্নয়নে প্রেসিডেন্ট এরশাদের ব্যক্তিগত উত্তোষের জন্ত তাহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বের প্রতি আস্থা ও সমর্থন ব্যক্ত করেন।